

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও প্র/এ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

ডিজিটাল নথি নং-৩৭.০৩.০০০০.০১১.১৩.০০৯.১৬- ৭৪৫

তারিখঃ ২৮/১২/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন যশোর পলিটেকনিক ইনস্টিটিউটের ওয়ার্কসপ সুপার (টেক-ইলেকট্রিক্যাল), জনাব হর প্রসাদ কর এর জন্ম তারিখঃ ১৬/০১/১৯৫৮ খ্রিঃ হওয়ায় যশোর পলিটেকনিক ইনস্টিটিউটের স্মারক নং-পিএফ ৬১০/৯৪/১৩৫৭ তারিখঃ ২৮/১১/২০১৬ খ্রিঃ মোতাবেক গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৪ ধারা (২০১২ সনের ২নং আইন দ্বারা সংশোধিত) মোতাবেক তার অবসর গ্রহণের তারিখ ১৫/০১/২০১৭ খ্রিঃ বিধায় তাকে ১৫/০১/২০১৭ খ্রিঃ তারিখে অবসর গমনের অনুমতি দেয়া হলো। এবং নিম্নলিখিত ভাবে অবসর উত্তর ছুটি এবং এককালীন ল্যাম্পগ্রান্ট মঞ্জুর করা হলো।

(ক) ছুটি প্রাপ্যতার হিসাব অনুযায়ী তার গড় বেতনে ০৩ বৎসর ১২ দিন ও অর্ধগড় বেতনে ০২ বৎসর ১১ মাস ২০ দিন ছুটি মজুদ আছে। উক্ত মজুদ ছুটি হতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর ১০(২)(ক) মোতাবেক ১৬/০১/২০১৭ হতে ১৫/০১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ বছর পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

(খ) উপরোক্ত অবসর-উত্তর ছুটি মঞ্জুরীর পর তার গড় বেতনে (০৩ বৎসর ১২ দিন - অবসর উত্তর প্রস্তুতিমূলক ছুটি ০১ বছর) = ০২ বছর ১২ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বৎসর ১১ মাস ২০ দিন ছুটি পাওনা আছে। অর্ধগড় বেতনে ০২ বৎসর ১১ মাস ২০ দিন ছুটি কে পূর্ণগড় বেতনে ছুটিতে রূপান্তর করে (০২ বৎসর ১১ মাস ২০ দিন ÷ ২) = ০১ বৎসর ০৫ মাস ২৫ দিন। অর্থাৎ গড় বেতনে তার মোট অভোগকৃত ছুটি ০৩ বছর ০৬ মাস ০৭ দিন মজুদ আছে। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর ১০(২)(খ) মোতাবেক তাকে উক্ত মজুদ ছুটির বিপরীতে সর্বোচ্চ ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ ৪৯,৯৮০×১৮ = ৮,৯৯,৬৪০/= (আটলক্ষ নিরানব্বই হাজার ছয়শত চল্লিশ) টাকা মাত্র এককালীন ল্যাম্পগ্রান্ট মঞ্জুর করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ আহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ডিজিটাল নথি নং-৩৭.০৩.০০০০.০১১.১৩.০০৯.১৬- ৭৪৫

তারিখঃ ২৮/১২/২০১৬ খ্রিঃ।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

১। অধ্যক্ষ, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট।

২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর। (বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)


৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

৪। জনাব হর প্রসাদ কর, ওয়ার্কসপ সুপার (টেক-ইলেকট্রিক্যাল), যশোর পলিটেকনিক ইনস্টিটিউট।

৫। পিএটু ডি.জি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সংরক্ষণ নথি।


(মোঃ আব্দুল ওয়াদুদ মন্ডল)
সহকারী পরিচালক- ২